

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১০, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ চৈত্র ১৪২৯/ ০৬ এপ্রিল ২০২৩

নম্বর: ০৪.০০.০০০০.৫২১.০৮.০৬৪.১৫.২৭৬—দুর্নীতি দমন কমিশনের একজন কমিশনারের পদ শীঘ্রই শূন্য হবে বিধায় তদস্থলে ০১ (এক) জন কমিশনার নিয়োগের জন্য সুপারিশ প্রদানের নিমিত্ত দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ৭ ধারা অনুযায়ী নিম্নলিখিত সদস্যবৃন্দের সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠন করা হলো:

(ক)	বিচারপতি জনাব এম, ইনায়েতুর রহিম মাননীয় বিচারক, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা	সভাপতি
(খ)	বিচারপতি জনাব জে.বি.এম.হাসান মাননীয় বিচারক, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা	সদস্য
(গ)	জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক	সদস্য
(ঘ)	জনাব মোঃ সোহরাব হোসাইন চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন	সদস্য
(ঙ)	জনাব কবির বিন আনোয়ার (সর্বশেষ অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিব)	সদস্য

(৪৬৩৭)

মূল্য : টাকা ৪.০০

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

বাছাই কমিটি, কমিশনার নিয়োগে সুপারিশ প্রদানের উদ্দেশ্যে, উপস্থিত সদস্যদের অনূন ০৩ (তিন) জনের সিদ্ধান্তের ভিত্তিতে কমিশনারের প্রতিটি শূন্য পদের বিপরীতে ০২ (দুই) জন ব্যক্তির নামের তালিকা প্রণয়ন করে উক্ত আইনের ধারা ৬-এর অধীন নিয়োগ প্রদানের জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রেরণ করবে।

৩। অনূন ০৪ (চার) জন সদস্যের উপস্থিতিতে বাছাই কমিটির কোরাম গঠিত হবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগ উক্ত বাছাই কমিটির কার্য-সম্পাদনে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন

মন্ত্রিপরিষদ সচিব।